

সব আজ ভাল

নীচতলা ভাড়া, কিন্তু টিভি-র জন্য তোমার
একটা ঘর নিজস্ব ওপরে, ব্যালকনি ফুল
রাস্তায় দাঁড়িয়ে থাকা ট্রাক ছোটো ড্রাইভার
মাধ্যমিকে রেজাণ্ট ভালো; ভালো দিদিমণির চুল

নীচেরতলায় সন্দে বেগুনি রং, পড়ার শব্দ
বিনবিন - বাড়িতে মেহমান মুরগির রন্ধ উঠোনে।
জানলায় বৃষ্টি জানলায় লম্বা চুলে স্তৰ
কার ঢোখ সাইকেলের অঙ্গুত ঘন্টি শোনো!
নিচুতলায় ভাড়া টিউশান দরজায় থমকে চশ্চল
দরজায় দাঁড়িয়ে আছে গাঁথা অভিঘাত ভাষা বদল
এবং চাকরির কাগজ, সোজা ও সহজ খুনসুটি

ফর্সা রাস্তা নীচে ভেজা নিমগাছ অঙ্ককার
নিমচাপের হাওয়ার ব্যালকনি থেকে ঝারে গেল
ফুল, ট্রাকের কাচে বিল্লু আলো। তোমার
ডিভিডি-তে গান -- নীচতলা তোমার সব আজ ভালো...

উৎপল মান

